

অধিষ্টিত 16 MAY 1987  
পৃষ্ঠা... .. কলাম ৬... ..

৩০ মে বৈশাখ, ১৩৭৪

## প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়নে দেড় কোটি টাকা বরাদ্দ

কিশোরগঞ্জ, ১৫ মে (সংবাদদাতা)।— চলতি (১৯৮৬-৮৭) অর্থ বছরে সার্বজনীন প্রাথমিক শিক্ষার উন্নয়নের লক্ষ্যে জেলায় ৩৯টি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কাজ করা হচ্ছে। ১৩টি উপজেলার এই সকল বিদ্যালয়গুলোর উন্নয়নের জন্যে অর্থ ব্যয় হবে ১ কোটি ২৯ লাখ টাকা। এছাড়া কিশোরগঞ্জ ও বাজিতপুর দুটি পৌরসভায় ৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন করা হচ্ছে। এর প্রতিটির জন্যে ব্যয় বরাদ্দ করা হচ্ছে ১০ লাখ ৫০ হাজার টাকা। যার মোট অর্থ হচ্ছে ৮৪ লাখ টাকা। এছাড়া জেলার ১৩টি উপজেলার মধ্যে ৫টি উপজেলায় মোট ১২টি বেসরকারী উচ্চবিদ্যালয়ে

বিজ্ঞানাগার নির্মাণ করা হচ্ছে। এর মধ্যে কিশোরগঞ্জ সদর উপজেলায় ৪টি, পাকুন্দিয়ায় ৩টি, কটিয়াদী ২টি, ভৈরব ১টি ও কুলিয়ারচর উপজেলায় ২টি। এর প্রতিটির জন্যে অর্থ ব্যয় হবে ২ লাখ ৯৪ হাজার টাকা। যার মোট বরাদ্দ হচ্ছে ৩৫ লাখ ২৮ হাজার টাকা।